

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ :জ্যৈষ্ঠ, ১৪১৫ বঙ্গাব্দ /জুন, ২০০৮ খ্রিঃ

প্রজ্ঞাপন নং- /২০০৮/শুল্ক ১- The Customs Act, 1969 (Act IV of 1969) এর section 13 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, প্রচলিত রপ্তানীকারকগণ কর্তৃক বন্ডেড পদ্ধতির আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে নিম্নরূপ শর্ত আরোপ করিল, যথা :-

০২। নিম্নের Table এ উল্লিখিত পণ্যসমূহ আমদানিকালে পণ্যের প্রতি ব্যাগের উপর উভয় পার্শ্বে অমোচনীয় লালকালিতে দৃশ্যমানভাবে “IMPORTED UNDER BOND, NOT FOR SALE” কথাগুলি লিখা থাকিতে হইবে। উক্ত শর্ত প্রতিপালন করিয়া পণ্য চালান আমদানি করিতে ব্যর্থ হইলে প্রযোজ্য শুল্ক-করাদির ১০০% এর সমপরিমাণ অর্থের জন্য নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিল করিয়া পণ্য চালান খালাস করিতে হইবে। উক্তরূপে খালাসকৃত কাঁচামাল দ্বারা প্রস্তুতকৃত পণ্য সম্পূর্ণরূপে রপ্তানি হইয়াছে মর্মে বন্ড কমিশনারেটের প্রত্যয়নপত্রের ভিত্তিতে উক্ত ব্যাংক গ্যারান্টি অবমুক্তযোগ্য হইবে।

Table

Heading	H.S.Code	Description
(1)	(2)	(3)
39.01	3901.10.10	Linear density polyethylene.
	3901.10.10	Linear low density polyethylene.
	3901.10.10	High density polyethylene.
39.02	3902.10.00	Polypropylene.
39.03	3903.19.00	High impact polystyrene.

০৩। ব্যাংক গ্যারান্টির বিপরীতে খালাসকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্য সম্পূর্ণরূপে রপ্তানি হওয়ার বিষয়ে কাস্টমস্ বন্ড কমিশনারেট নির্ধারিত ছকে প্রত্যয়নপত্র ইস্যু করিবে। উক্ত প্রত্যয়নপত্র প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট শুল্ক ভবন/স্টেশন কর্তৃপক্ষ ব্যাংক গ্যারান্টি অবমুক্ত করিবেন।

০৪। জাতীয় রাজস্ব বোর্ডের ১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/১ জুলাই ২০০৭ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং ১৮৪/২০০৭/শুল্ক এতদ্বারা রহিত করা হইল।

০৫। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৮ খ্রীষ্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের অদেশক্রমে,

(কাজী তৌহিদা আখতার)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)